তারিখ ........
পৃষ্ঠা ........ কলাম ........

# বান্দরবানে ৪২ জন নতুন প্রধান শিক্ষক নিয়োগ
## ৭টি বন্ধ স্কুল পুনঃচালু

**বান্দরবান প্রতিনিধি**

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ জেলার ৭টি উপজেলায় ৪২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শূন্যপদে ৪২ জন নতুন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ দিয়েছে। মঙ্গলবার নতুন নিয়োগপ্রাপ্ত ৪২ জন শিক্ষক-শিক্ষিকা তাদের কর্মস্থলে যোগদান করেছেন বলে জেলা প্রাথমিক শিক্ষা দফতর জানায়।

নতুন শিক্ষক নিয়োগ দেয়ায় রুমা উপজেলায় দীর্ঘদিন ধরে শিক্ষকের অভাবে বন্ধ থাকা ৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পুনঃচালু হচ্ছে।